

বিশেষণ থেকে বিশেষ্য পদে রূপান্তর

বিশেষণ	বিশেষ্য
তরল	তারল্য
কিশোর	কৈশোর
হত	হনন
সংস্কৃত	সংস্কৃতি
সূক্ষ্ম	সূক্ষ্মতা
অরুণ	অরুণিমা
অধীর	অধীরতা
সুষ্ঠু	সৌষ্ঠব
গৃহস্থ	গার্হস্থ্য
তরুণ	তারুণ্য
দূর	দূরত্ব
ভক্তিমান	ভক্তিমত্তা
পৃথক	পার্থক্য
শিষ্ট	শিষ্টতা
মৃদু	মৃদুতা

বিশেষণ	বিশেষ্য
গম্ভীর	গাম্ভীৰ্য
ভয়াবহ	ভয়াবহতা
উদার	ঔদার্য
চ্যুত	চ্যুতি
জীর্ণ	জীর্ণতা
নাব্য	নাব্যতা
দীর্ঘ	দৈর্ঘ্য
প্রশমিত	প্রশমন
অক্ষম	অক্ষমতা
সুজন	সৌজন্য
প্রণত	প্রণতি
চপল	চাপল্য
ভৌতিক	ভূত
অনুগত	আনুগত্য
ক্ষুব্ধ	ক্ষুব্ধতা
নির্মল	নির্মলতা

বিশেষণ	বিশেষ্য
অনাদৃত	অনাদর
শীত	শৈত্য
হিংস্র	হিংস্রতা
সাম্ভ্র	সাম্ভ্রতা
গুরু	গুরুত্ব
চ্যুত	চ্যুতি
শোভন	শোভনতা
ন্যূন	ন্যূনতা
হত	হনন
হ্রস্ব	হ্রস্বতা
হৈমন্তিক	হেমন্ত
উদ্ভত	ঔদ্ভত্য
প্রগল্ভ	প্রগল্ভতা
পণ্ডিত	পাণ্ডিত্য
কুশ্রী	কুশ্রীতা
মধুর	মাধুর্য

বিশেষণ	বিশেষ্য
ঐহিক	ঐহিকতা

বিশেষণ	বিশেষ্য
অশান্ত	অশান্তি

বিশেষণ	বিশেষ্য
অভিজাত	আভিজাত্য

পদ পরিবর্তন করে পরিবর্তিত শব্দের বাক্যে প্রয়োগ

- ▶ অন্তর (বি)—আন্তরিক (বিণ)
- ▶ ইতিহাস (বি)—ঐতিহাসিক (বিণ)
- ▶ পরীক্ষা (বি)—পরীক্ষিত (বিণ)
- ▶ সূর্য (বি)—সৌর (বিণ)
- ▶ কায় (বি)—কায়িক (বিণ)
- ▶ দক্ষিণ (বিণ)—দাক্ষিণ্য (বি)
- ▶ বপন (বি)—উপ্ত (বিণ)
- ▶ অংশ (বি)—আংশিক (বিণ)
- ▶ পণ্ডিত (বিণ)—পাণ্ডিত্য (বি)
- ▶ অভিজাত (বিণ)—আভিজাত্য (বি)
- ▶ কুলীন (বিণ)—কৌলীন্য (বি)
- ▶ মাছ (বি)—মেছো (বিণ)
- ▶ শহর (বি)—শহুরে (বিণ)
- ▶ লোভ (বি)—লুব্ধ (বিণ)
- ▶ এক (বিণ)—ঐক্য (বি)

- : অনুষ্ঠানে পল্লির বয়োজ্যেষ্ঠাদের **আন্তরিক** শ্রদ্ধা জানানো হল।
- : বাঁকুড়াতে মাটি খনন করে **ঐতিহাসিক** তথ্য পাওয়া যায়।
- : টিকা প্রদানের মাধ্যমে অনেক মৃত্যুমুখী রোগ দমন করা যায়—এ কথা **পরীক্ষিত** সত্য।
- : সূর্যে অনবরত **সৌরঝড়** চলেছে।
- : কৃষকদের **কায়িক** শ্রমের মাধ্যমে ফসল উৎপাদিত হয়।
- : বাতাসের **দাক্ষিণ্যে** নৌকাটি তীরবেগে গন্তব্যস্থলের দিকে এগিয়ে গেল।
- : নরম মাটিতে সহজেই বীজ **উপ্ত** হয়।
- : গতকাল সূর্যের **আংশিক** গ্রহণ ভারতে দেখা যায়।
- : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয় বাংলা গদ্যে তাঁর **পাণ্ডিত্য** দেখিয়েছেন।
- : রায় পরিবারের **আভিজাত্য** এ তল্লাটে কে না জানে?
- : বল্লাল সেন ছিলেন **কৌলীন্য** ধর্মের প্রবর্তক।
- : গ্রামেগঞ্জে অনেক **মেছো** বিড়াল দেখা যায়।
- : গ্রামের ছেলে কানাই কয়েক মাসে **শহুরে** আদবকায়দা শিখে ফেলে।
- : মেয়েটি **লুব্ধ** দৃষ্টিতে তাকিয়ে থাকল আইসক্রিমের দিকে।
- : **ঐক্য** ও সংহতি দেশের সুরক্ষার জন্য অত্যন্ত প্রয়োজন।